গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০৩০.২১- ২৬৮৭/৪ তারিখ : ০৭ / ০৪ /২০২২ খ্রি.

বিষয়: আইন-শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৭ম সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর সমন্বয় শাখার স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.১১৯.১৮.১১৮, তারিখ: ১৬ মার্চ ২০২২ খ্রি.।
(২) জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.২০১৯-১১২, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৭ম সভার কার্যবিবরণীতে বর্ণিত মাদকের অপব্যবহার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ বিষয়ক ১৬.৩ ক্রমিকের (জ) এর সিদ্ধান্ত হলো, "সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ডোপ টেষ্ট করা এবং সকল বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির সময়ে ডোপ টেষ্ট বাধ্যতামূলক করতে হবে। এ ছাড়া এ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ আইন প্রণয়ন করার কার্যক্রম গ্রহণ করতে হবে।" মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর সমন্বয় শাখার সূত্রোক্ত ০১ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত সিদ্ধান্তটি এ অধিদপ্তরাধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (কপি সংযুক্ত)

০৭/০৪/২০২২
(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ০২২২৩৩৫১০৪৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, (মাউশির ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভ্যালুয়েশান) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৪. সংরক্ষণ নথি।

doc:/E/shahadat/doc/F.C Others